



বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
পশ্চিম মেডা, ব্রাহ্মণবাড়িয়া।



Covid-19 রোধকল্পে স্বাস্থ্যবিধি
পরিপালন সর্বোচ্চ অগ্রাধিকার

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত আঞ্চলিক
নৈতিকতা কমিটির দ্বিতীয় ত্রৈমাসিক সভার সিদ্ধান্তসমূহ।**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্রাহ্মণবাড়িয়া মুখ্য অঞ্চলের নৈতিকতা কমিটির দ্বিতীয় ত্রৈমাসিক সভা অদ্য ০৮/১২/২০২০ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৫.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সকল সদস্যের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন মোঃ শাহ আলম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ

বাস্তবায়ন রিপোর্টঃ

ক) **Covid-19** সংক্রমন রোধকল্পে সরকারি স্বাস্থ্য বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রধান কার্যালয় কর্তৃক পত্রের মাধ্যমে প্রদত্ত সকল নির্দেশনা অত্র কার্যালয় এবং সকল শাখায় শতভাগ বাস্তবায়ন/পরিপালন নিশ্চিত করার জন্য পুনঃপরামর্শ প্রদান ;


খ) ব্যাংক ব্যবসা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনাসহ সম্মানিত গ্রাহকগণের উত্তম সেবা নিশ্চিত করার লক্ষ্যে অত্র কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা সমূহ শাখার দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিত করা হয়েছে। বিশেষ করে ব্যাংক প্রদত্ত নাগরিক সেবা (CITIZEN CHARTER) ও সকল প্রকার সেবার মূল্য তালিকা শাখার দৃশ্যমান স্থানে প্রদর্শন করা হয়েছে ;


গ) কাজের স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এর Hotline (১৬২৩৬), বিকেবির নির্বাহীবৃন্দের ফোন নম্বর এবং অভিযোগ বক্স শাখার দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে ;

ঘ) অত্র মুখ্য অঞ্চলের সকল শাখাকে লাইভে (অফ-লাইন) আনয়ন করা হয়েছে।


সিদ্ধান্ত সমূহঃ

- ১। ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ বাস্তবায়ন করার জন্য সকল শাখায় পত্র প্রেরণ করতে হবে (জনাব মোঃ আলমগীর ভূইয়া, মুখ্য কর্মকর্তা) ;
- ২। অভিযোগ বক্স সকল শাখার দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিত করতে পুনঃসিদ্ধান্ত গ্রহন (বাস্তবায়ন জনাব মুহাম্মদ নাদির হোসাইন, মুখ্য কর্মকর্তা) ;
- ৩। সেবা প্রদানের ক্ষেত্রে একটি রেজিষ্টারে প্রদেয় সেবার মান, বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ শাখা পর্যায়ে নিশ্চিত করা ;
- ৪। সিদ্ধান্ত বাস্তবায়নকারীগণের সাথে অংশগ্রহন সভা আগামী ১০/১২/২০২০ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকায় অত্র মুখ্য আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত হবে ;
- ৫। প্রকাশ্যে ও গুনীজনের উপস্থিতিতে ঋণ বিতরণ কার্যক্রম আগামী ১৫/১২/২০২০ইং তারিখ বিকেবি, ব্রাহ্মণবাড়িয়া শাখায় অনুষ্ঠিত হবে;
- ৬। অপারেশনাল কাজের গতি ও জবাবদিহীতা নিশ্চিত করার লক্ষ্যে ব্যবস্থাপক কর্তৃক সকল কর্মকর্তা/ কর্মচারীর কাজ বন্টনসহ নিবিড় তদারকির মাধ্যমে সঠিক সময়ে স্ব স্ব কাজের সম্পাদন নিশ্চিত করা ;
- ৭। পর্যায়ক্রমে অত্র অঞ্চলের সকল শাখাকে অন-লাইনে আনয়ন করা ;


মুহাম্মদ নাদির হোসাইন
ফোকালা কর্মকর্তা


মোঃ আলমগীর ভূইয়া
সদস্য

আব্দুল আজিজ
সদস্য


মোঃ ইউছুফ খান
সদস্য

মোঃ শাহ আলম
আহ্বায়ক

আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য কর্মকর্তা

আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য কর্মকর্তা

আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
সহকারী মহাব্যবস্থাপক

আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি দেয়া হলো :

- ০১। স্টাফ অফিসার, মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (উঃ/দঃ)।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ব্রাহ্মণবাড়িয়া মুখ্য অঞ্চল, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৬। অফিস নথি।